বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... JAN 1989
পৃষ্ঠা ... ৮ ... কলাম 7 ...

৪

## প্রত্যেক স্কুলে সরকারী পাঠাগার চাই

আমাদের দেশের সাংস্কৃতিক ঐতিহ্য দীর্ঘ দিনের। বর্তমানে দেশে শিক্ষার হার আগের চাইতে অনেক বৃদ্ধি পেয়েছে। পরিবর্তন হয়েছে সামাজিক অবস্থারও। প্রতিটি উপজেলায় এখন অফিস-আদালত এবং বিভিন্ন শ্রেণীর সরকারী কর্মচারী রয়েছে। অন্যান্য অফিসের পাশাপাশি সরকারী গণ-গ্রন্থাগার প্রতিষ্ঠা করা হলে উপজেলাসমূহের কলেজের অধ্যাপক ছাত্রছাত্রী সরকারী কর্মচারী, স্থানীয় সাংস্কৃতিক-কর্মী, সাংবাদিক এবং বৃহত্তর যুব সমাজ পড়াশোনার সুযোগ পাবে এবং এতে জনগণের দীর্ঘ দিনের একটি প্রত্যাশা পূরণ হবে। শিক্ষা জাতির মেরুদন্ড। লাইব্রেরীর মাধ্যমে দেশে এই শিক্ষার প্রসার ঘটবে। শক্তিশালী হবে দেশের সাংস্কৃতিক বুনিয়াদ। দেশের শিক্ষা ও সাংস্কৃতিক জীবনে শিক্ষার এই গুরুত্বের প্রেক্ষিতে প্রতিটি উপজেলায় সরকারী পর্যায়ে একটি করে লাইব্রেরী গড়ে তোলা হবে এটাই প্রত্যাশা।

মোঃ লুৎফর রহমান (বিএসসি)
দোগাছী আদর্শ গ্রাম।
দরগাতলাহাট,
জয়পুরহাট।

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

সম্প্রতি 'সরিষাবাড়ী' কেন্দ্রে অনুষ্ঠিত ১৯৮৮ ইং সনের ডিগ্রী পরীক্ষা একতরফাভাবে বাতিল ঘোষণা করা হয়েছে। ফলে বন্যা-কবলিত অঞ্চলের নিরীহ পরীক্ষার্থীবৃন্দ সীমাহীন আর্থিক ক্ষতির সম্মুখীন হতে চলেছে। প্রশ্ন হচ্ছে কেন্দ্রের সকল পরীক্ষার্থীই কি নকলের সাথে জড়িত? নকল করা অপরাধ আর নকলকে সময়মত প্রতিরোধ না করা কি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সমান অপরাধ নয়? কাজেই ন্যায় বিচারের স্বার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত সম্পর্কে মানবিক দৃষ্টিকোণ থেকে পুনর্বিবেচনার জন্য আবেদন জানাচ্ছি।

—মোঃ আব্দুল মোত্তালেব
ম্যানেজার জনতা ব্যাংক
ঝিনাইগাতি শাখা শেরপুর।